

14621 - ছোট বাচ্চার হজ্জ আদায়

প্রশ্ন

আমি যদি চাই যে, আমার নাবালগ ছেলে আমার সাথে হজ্জ করুক। সেক্ষেত্রে তাকে ইহরামের কাপড় পরিয়ে হজ্জের যাবতীয় কার্যাবলী কি তার পক্ষ থেকে আমি পালন করব, যেমন- তাওয়াফ ইত্যাদি? নাকি তাকে সাধারণ পোশাক পরাব এবং তার পক্ষ থেকে আমি কোন আমল করব না; যেহেতু সে ছোট, তার উপরে হজ্জ ফরয নয়?

প্রিয় উত্তর

বুঝদার ছেলে প্রাপ্ত বয়স্ক না হলে তার অভিভাবক যদি চান যে, তাকে নিয়ে হজ্জ করবেন সেক্ষেত্রে তিনি তাকে ইহরামের কাপড় পরার নির্দেশ দিবেন এবং বাচ্চা নিজে নিজে মীকাত থেকে ইহরাম বাঁধা থেকে হজ্জের শেষ পর্যন্ত সবগুলো আমল নিজেই করবে। যদি নিজে নিজে কঙ্কর নিক্ষেপ করতে না পারে তাহলে তার অভিভাবক তার পক্ষ থেকে কঙ্কর মেরে দিবেন। অভিভাবক তাকে ইহরাম অবস্থায় যা যা নিষিদ্ধ সেগুলো থেকে বিরত থাকার নির্দেশ দিবেন। আর যদি বাচ্চা বুঝদার না হয় তাহলে তার পক্ষ থেকে তার অভিভাবক উমরা কিংবা হজ্জের নিয়ত করবেন, তাকে নিয়ে তাওয়াফ ও সাঈ করবেন। অবশিষ্ট কার্যাবলী পালন করার সময়ও তাকে সাথে রাখবেন। তার পক্ষ থেকে কঙ্কর নিক্ষেপ করবেন।

আল্লাহ্‌ই তাওফিকদাতা, আমাদের নবী মুহাম্মদ, তাঁর পরিবার-পরিজন ও তাঁর সাহাবীবর্গের উপর আল্লাহ্র রহমত বর্ষিত হোক।